# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 24.07.2024 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) ২০২৪৫-২৫ আর্থিক বছরের সাধারণ বাজেটে কর্ম সংস্থানের জন্য আগামী ৫ বছরে ২ লক্ষ কোটি টাকা বরাদ্দের কথা ঘোষণা করা হয়েছে। অগ্রাধিকার দেওয়া হয়েছে ৯ টি ক্ষেত্রে।

পশ্চিমবঙ্গ সহ ৫ টি রাজ্যকে নিয়ে পূর্বোদয় প্রকল্পের কথা ঘোষণা করেছেন অর্থমন্ত্রী।

কলকাতা অমৃতসর শিল্প করিডর পূর্ব ভারতে শিল্প সহায়ক হয়ে উঠবে বলেও বাজেট প্রস্তাবে তিনি আশা প্রকাশ করেছেন।

এদিকে মুখ্যমন্ত্রী এই বাজেটকে দিশাহীন আখ্যা দিয়ে বলেছেন, এই শিল্প করিডর নতুন কিছু নয়।

২) নতুন তিনটি ফৌজদারি আইনের পর্যালোচনায় একটি কমিটি গঠনের প্রস্তাবে রাজ্য সরকার সায় দিয়েছে।

৩) আলু ব্যবসায়ীদের কর্মবিরতির জেরে খোলা বাজারে আলুর দাম যাতে সাধারণের নাগালের বাইরে না চলে যায়, সেজন্য রাজ্য সরকার প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বলেছে।

এদিকে, পশ্চিমবঙ্গ আলু ব্যবসায়ী সমিতি ভবিষ্যত্ কর্মসূচী স্থির করতে আজ অক বৈঠকে বসছে।

৪) কলকাতা সহ গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলিতে আজ থেকে বৃষ্টির পরিমাণ বাড়তে পারে। লাগাতার বৃষ্টিতে বিপর্যস্ত দক্ষিণ ২৪ পরগণা। সুন্দরবনের পাথরপ্রতিমার নদীবাঁধ, সমুদ্রগর্ভে তলিয়ে গেছে।

-----------------------------------------------------------------------------------

২০২৪-২৫ আর্থিক বছরের সাধারণ বাজেটে কর্ম সংস্থানের জন্য আগামী পাঁচ বছরে ২'লক্ষ কোটি টাকা বরাদ্দের কথা ঘোষণা করা হয়েছে। অর্থমন্ত্রী নির্মলা সীতারামণ গতকাল সংসদে এই বাজেট প্রস্তাব পেশ করে উৎপাদনশীলতা, চাকরী, সামাজিক ন্যায়, নগরোন্নয়ন, জ্বালানি নিরাপত্তা, পরিকাঠামো ও সংস্কার- এই ৯'টি ক্ষেত্রকে অগ্রাধিকার দেওয়ার কথা জানান।

NDA সরকারের তৃতীয় দফায় প্রথম এই বাজেটে কর্ম সংস্থান ও দক্ষতা বৃদ্ধির পাঁচটি প্রকল্পের কথা জানিয়ে শ্রীমতী সীতারামণ বলেন, সংগঠিত ক্ষেত্রে আরো বেশী কর্ম সংস্থান সৃষ্টি করা হবে।

মধ্যবিত্ত শ্রেণীকে কিছুটা স্বস্তি দিয়ে অর্থমন্ত্রী নতুন কর ব্যবস্থায় 'স্ট্যান্ডার্ড ডিডাকশন' ৫০ হাজার থেকে বাড়িয়ে ৭৫ হাজার টাকা করার কথা ঘোষণা করেছেন।

৩'লক্ষ টাকা পর্যন্ত বার্ষিক আয়ে কোনো কর দিতে হবেনা। ৩' থেকে ৭'লক্ষ টাকা পর্যন্ত আয়ে করের হার হবে ৫ শতাংশ। ৭' থেকে ১০ লক্ষ টাকা পর্যন্ত-১০ শতাংশ। ১০ থেকে ১২ লাখ পর্যন্ত-১৫ এবং ১৫ লাখের ওপরে ৩০ শতাংশ হারে কর দিতে হবে। নতুন ব্যবস্থায় বেতনভোগীদের কর কমবে সাড়ে ১৭ হাজার টাকা।

ই-কমার্সে TDS বা উৎসমূলে করের হার কমছে। সময়মতো TDS না দিলে তা' আর অপরাধ হিসেবে গণ্য হবে না।

কৃষিক্ষেত্রে ১'লক্ষ ১৫ হাজার কোটি টাকা বরাদ্দের কথা জানিয়ে অর্থমন্ত্রী ঘোষণা করেন, এক কোটি কৃষককে ২ বছরের মধ্যে প্রাকৃতিক চাষে নিয়ে আসা হবে।

বাজেটে অর্থমন্ত্রী **ক্যান্সারের তিনটি** ওষুধের জন্য আমদানি শুল্ক মকুব করার কথা ও ঘোষণা করেন ।

বাইট

কর্মক্ষেত্রে মহিলাদের অংশগ্রহণ বাড়াতে দক্ষতা বৃদ্ধির নির্দিষ্ট প্রকল্প সহ একাধিক প্রস্তাব রয়েছে বাজেটে। **মহিলা এবং বালিকাদের** বিভিন্ন উন্নয়নী প্রকল্পের জন্য তিন লক্ষ কোটি টাকা বরাদ্দের কথা ঘোষণা করেন শ্রীমতী সিতারমন ।**কর্মরত মহিলাদের থাকার জন্য** হস্টেল এবং তাদের শিশুদের জন্য ক্রেস তৈরি করা হবে। **মহিলারা জমি বাড়ি সম্পত্তি কিনলে** স্ট্যাম্প ডিউটি কমিয়ে দেওয়া হবে বলেও অর্থমন্ত্রী উল্লেখ করেন।

পশ্চিমবঙ্গ, বিহার, ঝাড়খন্ড, ওড়িশা ও অন্ধ্রপ্রদেশকে নিয়ে 'পূর্বোদয়' প্রকল্পের কথা ঘোষণা করেন অর্থমন্ত্রী।

কলকাতা-অমৃতসর শিল্প করিডর পূর্ব ভারতে শিল্প সহায়ক হয়ে উঠবে বলে তিনি আশা প্রকাশ করেন।

(বাইট- FM করিডর )

-------------------------

এদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি শিল্প করিডরের এই ঘোষণাকে কটাক্ষ করে বলেছেন, এটি নতুন কিছু নয়।

বাইট মমতা করিডোর

কেন্দ্রীয় বাজেটকে দিশাহীন, জনবিরোধী এবং গরিব বিরোধী আখ্যা দিয়ে তিনি দাবি করেছেন, এতে সাধারণ মানুষের কোনো সুবিধা হবে না। প্রতিবেশী রাজ্যগুলিকেকে বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পে টাকা দেওয়া হলেও উত্তরবঙ্গকে তা দেওয়া হয়নি। ১০০ দিনের কাজ, আবাস যোজনা সহ বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পে কেন্দ্রের কাছে রাজ্য সরকারের বিপুল পরিমাণ বকেয়া থাকলেও তা নিয়ে বাজেটে একটি কথাও নেই। সমস্ত ক্ষেত্রেই রাজ্যকে বঞ্চিত করা হয়েছে।

অন্যদিকে, কেন্দ্রীয় এই বাজেটে দেশে দারিদ্র দূরীকরণে স্থায়ী এবং দীর্ঘমেয়াদী সমাধানের চেষ্টা সফলভাবে করা হয়েছে বলে বিজেপি দাবি করেছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে বিশিষ্ট অর্থনীতিবিদ, বিধায়ক অশোক লাহিড়ী বলেন, পশ্চিমবঙ্গকে বাজেটে বঞ্চিত করা হয়েছে বলে যে অভিযোগ করা হয়েছে, তা ঠিক নয়। পশ্চিমবঙ্গে কোনো প্রকল্পই নেই। এই বাজেটে দারিদ্র স্থায়ীভাবে দূর করতে বিনিয়োগ বৃদ্ধি করা হয়েছে। এর ফলে দরিদ্র মানুষ বিশেষভাবে উপকৃত হবেন।

(বাইট-অশোক লাহিড়ী)

শিল্প ও বণিক মহলও বাজেটকে স্বাগত জানিয়েছে।

-------------------------

নতুন তিনটি ফৌজদারি আইন পর্যালোচনায় রাজ্য সরকারের একটি কমিটি গঠনের প্রস্তাবে রাজ্য মন্ত্রীসভা সায় দিয়েছে। বিধানসভায় গতকাল মুখ্যমন্ত্রী মমতা ব্যানারজির পৌরোহিত্যে মন্ত্রীসভার বৈঠকে অবসরপ্রাপ্ত বিচারপতি অসীম রায়ের নেতৃত্বে আট সদস্যের কমিটি গড়ার প্রস্তাব অনুমোদিত হয়। তিন মাসের মধ্যে কমিটির রিপোর্ট জমা দেওয়ার কথা।

উল্লেখ্য, গত পয়লা জুলাই থেকে ভারতীয় ন্যায় সংহিতা , ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ও ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম এই তিনটি নতুন ফৌজদারি আইন বলবত হয়েছে।

------------------------

ন্যাশানাল এলিজিবিলিটি কাম এন্ট্রান্স টেস্ট – নিট নিয়ে আলোচনার জন্য রাজ্য বিধানসভার অধিবেশনে সরকারের পক্ষ থেকে একটি প্রস্তাব উত্থাপন করা হয়েছে। পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় গতকাল এই প্রস্তাব পেশ করেন। আজ এর ওপরে দু ঘন্টা আলোচনা হবে।

এদিকে, সুপ্রিম কোর্ট, নিট UG-২০২৪ বাতিল করার আবেদন খারিজ করে দিয়ে বলেছে, পদ্ধতিগতভাবে প্রশ্নপত্র ফাঁস হয়েছে এবং গোটা পরীক্ষার পবিত্রতা নষ্ট হয়েছে, এমন কোনো প্রমাণ নেই। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বাধীন তিন বিচারপতির বেঞ্চ গতকাল বলেন, পুনরায় এই পরীক্ষা গ্রহণের নির্দেশ, ২৩ লক্ষের বেশী পড়ুয়ার ভবিষ্যতের ওপর গুরুতর প্রভাব ফেলবে।

------------------------

আলু ব্যবসায়ীদের কর্মবিরতির জেরে খোলা বাজারে আলুর দাম যাতে সাধারণের নাগালের বাইরে না চলে যায়, সেজন্য রাজ্য সরকার প্রয়োজনীয় পদক্ষেপের নির্দেশ দিয়েছে। বিধানসভায় রাজ্য মন্ত্রীসভার গতকাল বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, আলু সরবরাহ বিঘ্নিত হওয়ায় ক্ষোভ প্রকাশ করেন বলে জানা গেছে। আলুর দাম নিয়ন্ত্রণে কৃষি বিপণন মন্ত্রী বেচারাম মান্নার নেতৃত্বে তিনি একটি কমিটি তৈরি করে দিয়েছেন। কমিটিতে রয়েচেন পঞ্চায়েত মন্ত্রী প্রদীপ মজুমদার। পাশাপাশি, প্রগতিশীল আলু

ব্যবসায়ী সমিতির পাল্টা হিসেবে শাসক দলের উদ্যোগে আলু ব্যবসায়ীদের সংগঠন তৈরি করার কথাও বলেছেন মুখ্যমন্ত্রী। আলুর দাম নিয়ন্ত্রণে না আসা পর্যন্ত রাজ্যের বাইরে আলু রপ্তানি বন্ধ থাকবে বলেও তিনি স্পষ্ট জানিয়ে দিয়েছেন।

------------------------

ভিন রাজ্যে আলু রপ্তানিতে বাধা ও পুলিশি হয়রানির প্রতিবাদে পশ্চিমবঙ্গ প্রগতিশীল আলু ব্যবসায়ী সমিতির অনির্দিষ্ট কর্মবিরতির মধ্যেই পরবর্তী কর্মসূচি স্থির করতে সমিতির সদস্যরা আজ এক বৈঠকে বসছেন। সমিতির সম্পাদক লালু মুখোপাধ্যায় জানিয়েছেন, কৃষি বিপণন মন্ত্রী বেচারাম মান্না শর্ত সাপেক্ষে সমিতির সঙ্গে আলোচনায় বসার কথা বলেছেন। এব্যাপারে আজকের বৈঠকে বিস্তারিত আলোচনা হবে। প্রগতিশীল আলু ব্যবসায়ী সমিতির পাল্টা সংগঠন গড়ে তোলার যে কথা মুখ্যমন্ত্রী বলেছন, সে প্রসঙ্গে লালু বাবু বলেন, সংগঠন করার অধিকার সবার আছে।

------------------------

চলতি খরিফ মরশুমের জন্য আগামী ২৫ তারিখ থেকে জল দেবে ডিভিসি। এরফলে দুই বর্ধমান, বাঁকুড়া, হাওড়া এবং হুগলীর মোট ৮২০০০০ একর জমি সেচের আওতায় আসবে।

চাষের জল বন্টন নিয়ে বর্ধমান ডিভিশনের কমিশনারের পৌরহিত্যে গতকাল পূর্ব বর্ধমানের জেলাশাসকের দপ্তরে এই পাঁচ জেলার আধিকারিকদের নিয়ে এক উচ্চ পর্যায়ের বৈঠক হয়। বৈঠকে পূর্ব বর্ধমানের জেলাশাসক, জেলাপরিষদের সভাধিপতিরাও উপস্থিত ছিলেন। বৈঠকে স্থির হয়েছে ২৫ জুলাই থেকে প্রথম দফায় ১৫ দিন ১৮০০০০ ফিট জল দেবে ডিভিসি। পরবর্তী পর্যায়ে বৃষ্টি পাতের ঘাটতি থাকলে

আরো জল দেওয়া হবে। বেশি বৃষ্টি হলে সামঞ্জস্য রেখে জল ছাড়ায় সহযোগিতা করবে ডিভিসি। পূর্ব বর্ধমানের জেলাসভাধিপতি শ্যামাপ্রসন্ন লোহার জানিয়েছেন, এবারে এখনো পর্যন্ত বৃষ্টিপাতের ঘাটতি রয়েছে ৪৬ শতাংশ। ফলে বীজ তলা তৈরি হলেও জলের অভাবে আমন ধান রোপনের কাজ করতে পারছেন না কৃষকরা। ডিভিসির ছাড়া জলে পাঁচটি জেলার ৪২ টি ব্লকের চাষীরা উপকৃত হবেন। পূর্ব বর্ধমান জেলার ১৯ টি ব্লক জল পাবে।জুলাইয়ের তৃতীয় সপ্তাহ হয়ে গেলেও জেলায় আমন ধান রোপন হয়েছে মাত্র ৬ শতাংশ জমিতে।

পাশাপাশি জেলাসভাধিপতি বলেন, বৈঠকে পরিস্কার জানিয়ে দোওয়া হয়েছে জেলা না জানিয়ে যেন কোনোভাবেই জল ছাড়া না হয়।কারন হঠাৎ করে জল ছাঠা হলে নীচু এলাকা প্লবিত হয়ে হয়ে যায়। প্রথমে টানা ১৫ দিন জল ছাড়ার পর পরিস্থিতির উপর নির্ভর করে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।

------------------------

কলকাতা সহ গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে বৃষ্টি হচ্ছে। আজ থেকে আগামী দুদিন বৃষ্টির পরিমাণ বাড়তে পারে বলে আবাহাওয়া দপ্তরের পূর্বাভাসে জানানো হয়েছে। সেই সঙ্গে উত্তর ও পশ্চিম মধ্য বঙ্গোপসাগরের উপকূলবর্তী এলাকায় ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার পর্যন্ত বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাবে। এরফলে সমুদ্র উত্তাল থাকার সম্ভাবনা। মৎস্যজীবীদের শুক্রবার ২৬ শে জুলাই পর্যন্ত গভীর সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

------------------------

পূর্ণিমার কটালে জলোচ্ছ্বাসের জেরে সুন্দরবনের প্রান্তিক জনপদ পাথরপ্রতিমার গোবর্ধনপুরে সদ্য তৈরী হওয়া কংক্রিটের বাঁধ সমুদ্রগর্ভে তলিয়ে গেছে। এর জেরে প্লাবিত বাঁধ লাগোয়া বিস্তীর্ণ এলাকা। নোনা জল ঢুকেছে একশরও বেশী কাঁচা বাড়ি, মাছের পুকুর ও কয়েক'শ বিঘা চাষের জমিতে। চারদিকে শুধু জল থৈথৈ অবস্থা। গত তিন দিন ধরে নোনা জলে জেরবার এলাকার হাজারের বেশী বাসিন্দা। অনেকে জলমগ্ন বাড়ি ছেড়ে অন্যত্র আশ্রয় নিয়েছেন। প্লাবিত এলাকার বাসিন্দাদের জন্য ব্লক প্রশাসনের পক্ষ থেকে এখনও কোন ব্যবস্থা নেওয়া হয়নি বলে এলাকাবাসী ক্ষোভ প্রকাশ করেছেন। সামনে আরও বড় কটাল আছে। সেই কটালে আরও বেশী এলাকা প্লাবিত হওয়ার আশঙ্কায় এখন থেকে ঘুম উড়েছে বাসিন্দাদের।

উল্লেখ্য, বঙ্গোপসাগরের উপকূলে জি-প্লট পঞ্চায়েতের এই গোবর্ধনপুর রাজ্যের প্রান্তিক জনপদ। বিগত কয়েক বছর ধরেই ভাঙনে জেরবার এই এলাকা।

ভাঙন রুখতে তিন বছর আগে কংক্রিট বাঁধ তৈরীর পরিকল্পনা করে রাজ্য সরকারের সেচ দপ্তর। প্রায় 88 কোটি টাকা বরাদ্দ করা হয়। সেই কাজ ধীরগতিতে এগোয়। বাঁধের কাজ শেষ হয় গতবছর। এবার সেই কংক্রিট বাঁধের ১২০০ মিটার ধুয়েমুছে সাফ হয়ে গিয়েছে। সমুদ্র ও লোকালয় মিলেমিশে একাকার। জোয়ারের জল ঢুকছে, বের হচ্ছে। বাঁধ নির্মাণে দুর্নীতি ও পরিকল্পনায় ত্রুটি নিয়ে সরব হয়েছেন এলাকার দুর্গত বাসিন্দারা।

এদিকে শাসক দলের পক্ষ থেকে নতুন বাঁধ তৈরীর আশ্বাস দেওয়া হয়েছে। বিষয়টি মুখ্যমন্ত্রীর নজরে আনা হয়েছে বলে জানান পাথরপ্রতিমা পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ সৌরভ দাস।

-------------------------

উত্তর ২৪ পরগণার ইছাপুরে গঙ্গা স্নান করতে গিয়ে গতকাল এক ব্যক্তি তলিয়ে যান। ৫৩ বছরের নির্মল কুমার দাস বাদামতলার বিশ্বাস ঘাটে স্নান করতে নামেন। তিনি মাঝেমধ্যে গঙ্গায় যেতেন স্নান করতে, কিন্তু সাঁতার জানতেন না। ডুবুরি নামানো হলেও কোনো তাঁর সন্ধান পাওয়া যায়নি। বাড়িতে নেমেছে শোকের ছায়া।

-------------------------

অস্ট্রেলিয়ার বিশ্বকাপার ফুটবলার জেমি ম্যাকলারেন মোহনবাগান সুপারজায়ান্টে খেলবেন। অস্ট্রেলিয়ার ফুটবল লিগে ৫ বারের সোনার বুট জয়ী এই খেলোয়াড়ের সঙ্গে মোহনবাগানের চার বছরের চুক্তি হয়েছে। এ লিগের চ্যাম্পিয়ন দল মেলবোর্ন সিটি এফ সি থেকে তিনি সবুজ মেরুন দলে আসছেন । অস্ট্রেলীয় লিগে পাঁচ বারের সর্বোচ্চ গোলদাতা হিসেবে পাঁচটি সোনার বুট জয় করেছেন তিনি।

আগামী ২৯ শে জুলাই মোহনবাগান দিবসে দল প্রস্তুতি শুরু করবে।

------------------------- -------------------------